# Directors' Report



# Directors' Report 2016

Bismillahir Rahmanir Raheem
Assalamu Alaikum

**Dear Shareholders,**

On behalf of the Board of Directors of Pragati Insurance Limited, I am delighted to extend a warm welcome to you to this 31st Annual General Meeting of the company. I further take the pleasure of placing to you the Annual Report, the Audited Financial Statements and the review of your company's activities for the year ended 31st of December 2016.

**Global Outlook**

Global growth for 2016 is estimated at 3.1 percent, as projected in the October 2016 forecast by International Monetary Fund (IMF). Further to that, the latest global economic outlook predicts economic activity in both advanced economies and emerging economies to accelerate in 2017, with global growth projected to be 3.4 percent and 3.6 percent respectively.

After achieving a decent growth of 2.6 percent in 2015 and 2.4 percent in 2014, the US economy contracted to 1.6 percent in 2016. Much of the slow growth in 2016 is attributed on tame business investment, as historically low oil prices during most of 2016 brought development in the U.S. energy sector to a halt.

European economies are projected to continue growing at a relative steady pace in 2016. While the market response to the Brexit shock was encouragingly calm, the final result remains very uncertain, as the fate of trade and institutional arrangements between the European Union and the United Kingdom is unclear. The Russian economy recessed in 2016 while dealing with low oil prices and the western sanctions against it due to its annexation of Crimea. Economies of the Commonwealth of Independent States that are dependent on Russian economy were also affected but are projected to grow slowly in 2016 and gather momentum in 2017.

According to IMF, the aggregate GDP in Latin America and the Caribbean is projected to shrink in 2016. Brazil, Latin America's largest economy, is in the midst of its longest recession since the 1930s. Brazil's economy shrank 3.8 percent in 2016 and the IMF now forecasts the economy to continue to shrink and fall further 3.3 percent in 2017. The cause of this recession is mainly due to the lack of structural reforms, political crisis and dipping oil prices.

Higher growth is projected for the Middle East, but lower oil prices, and in some cases geopolitical strains and domestic conflict will continue to burden the outlook.

# পরিচালক মন্ডলীর প্রতিবেদন ২০১৬

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম
আসসালামু আলাইকুম

**প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,**

প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেডের ৩১তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষে থেকে আপনাদের শুভাগমনকে জানাচ্ছি স্বাগত এবং আন্তরিক অভিনন্দন। এই মনোরম পরিবেশে এখন আমি সানন্দ চিত্তে আপনাদের সম্মুখে পেশ করছি ২০১৬ সনের বার্ষিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব বিবরণ এবং ২০১৬ সনের ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিচালিত কোম্পানীর কার্যক্রমের মূল্যায়ন প্রতিবেদন ।

**বিশ্ব অর্থনীতির চিত্রঃ (Global outlook)**

২০১৬ সনের অক্টোবরে আন্তজাতিক মুদ্রা তহবিল (IFM) এর ধারনাপত্র অনুযায়ী বিশ্ব অর্থনীতির উন্নতির মাত্রা ছিল ৩.১% । এছাড়া সাম্প্রতিক বিশ্লেষনে আরও ধারনা করা হচ্ছে, ২০১৭ সনে এই উন্নতি বৃদ্ধি পেয়ে অগ্রসরমান আর্থিক কর্মকান্ড ও সম্ভাবনাময় বা বিকাশমান আর্থিক ক্ষেত্রে (Advanced economics and emerging economics) আনুমানিক গড় হিসাবের মাত্রা দাঁড়াবে যথাক্রমে ৩.৪% ও ৩.৬%।

২০১৪ ও ২০১৫ সনে যথাক্রমে ২.৪% ও ২.৬% হারে চমৎকার প্রবৃদ্ধি অর্জনের পর যুক্তরাষ্ট্রের অর্থনীতিতে উদ্ভূত পরিস্থিতিতে ২০১৬ সনে প্রবৃদ্ধি ১.৬% শতাংশে নেমে আসে। প্রবৃদ্ধির ধীরগতি ব্যবসায় বিনিয়োগের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব বিস্তার করে। বিশেষ করে জ্বালানী খাতে (Energy Sector) ঐতিহাসিক মূল্যহ্রাস মার্কিন যুক্তরাষ্টের এই ক্ষেত্রের উন্নয়নে স্থবিরতা সৃষ্টি করে।

ইউরোপীয় অর্থনীতি অনুমিতভাবেই ২০১৬ সনে ক্রমবর্ধমান উন্নতির দিকে এবং তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল। ইজউটওঞ এর তেমন কোন বিরুপ প্রভাব পরিলক্ষিত না হলে ও যুক্তরাজ্য (U.K) এবং ইউরোপীয়ান ইউনিয়নের মধ্যে ব্যবসা বানিজ্য ও প্রাতিষ্ঠানিক ভবিষ্যৎ নিয়ে এখনই স্পষ্ট কিছু বলা যাচ্ছে না। এখন ও অস্পষ্টতা বিরাজ করছে। ২০১৬ সনে রাশিয়ার অর্থনৈতিক পরিস্থিতির অবনতি ঘটেছিল। তার মূল কারণ ছিল বিশ্ব বাজারে তেলের মূল্য কমে যাওয়া এবং ক্রিমিয়া সংঘাতে জড়িয়ে যাওয়ায় রাশিয়ার ওপর পশ্চিমা দেশগুলোর আরোপিত নিষেধাজ্ঞা। কমনওয়েলথভূক্ত যে সব স্বাধীন দেশ রাশিয়ার ওপর নির্ভরশীল, তারাও আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং তা ২০১৭ সনে ও অব্যাহত থাকবে।

আন্তজাতিক মুদ্রা তহবিলের (IMF) তথ্যানুযায়ী ২০১৬ সনে ল্যাটিন আমেরিকা এবং ক্যারিবিয়ান অঞ্চলে এউচ সংকুচিত ছিল। ব্রাজিল ল্যাটিন আমেরিকার বৃহত্তম অর্থনৈতিক অঞ্চল যে দেশটি ১৯৩০ সন থেকে অর্থনৈতিক মন্দার মধ্যে আছে। ফলে তাদের অর্থনৈতিক প্রবৃদ্ধি ২০১৬ সনে নেমে দাঁড়িয়েছে ৩.৮% শতাংশে এবং (IMF) এর মতে ২০১৭ সনে এই অবনমন অব্যাহতভাবে নেমে ৩.৩% শতাংশে। এই পরিস্থিতি বিরাজমান থাকার মূল কারণ হচ্ছে অবকাঠামোগত সংস্কারের অভাব, দীর্ঘ রাজনৈতিক সংকট এবং বিশ্ববাজারে তেলের মূল্যহ্রাস।

মধ্যপ্রাচ্যে প্রবৃদ্ধির উচ্চমাত্রা বিরাজ করছে। তবে তেলের মূল্য হ্রাস, কিছু কিছু ক্ষেত্রে ভূ-রাজনৈতিক টানা পোড়েন জনিত চাপ এবং আভ্যন্তরীণ দ্বন্দ-সংঘাত অব্যাহত থাকায় আর্থিক প্রবৃদ্ধিও অগ্রগতির পথে অনাকাঙ্খিত বোঝা বা অন্তরায় হয়ে থাকবে।

Stronger Sub-Saharan African nations of Angola, Nigeria and South Africa will see a gradual pickup in growth, but with lower commodity prices.

Growth in emerging market and developing economies is projected to increase from 4 percent in 2015—lowest since the 2008–09 financial crisis—to 4.3 percent to 4.7 percent in 2016 and 2017 respectively.

Progress in China is expected to measure up to 6.3 percent in 2016 and 6.0 percent in 2017, mainly due to weaker investment growth as the economy continues to reshape. The IMF projects that the Indian economy and the other emerging Asian economies will grow robustly in 2016. However, these economies will feel the effects of the Chinese economic rebalancing and global manufacturing weakness. The IMF predicts a robust growth rate of 7.6 percent for India's economy in 2016 and 2017.

শক্তিশালী সাব-সাহারা আফ্রিকান জাতিসমূহের মধ্যে এ্যাংগোলা, নাইজিরিয়া এবং দক্ষিন আফ্রিকায় দব্যমূল্য কম থাকাসহ আর্থিক প্রবৃদ্ধি ক্রমশ উন্নত হবে।

২০১৫ সনে গড়ে ওঠা বাজার (Emerging Market) এবং উন্নয়নশীল অর্থনীতির (Developing Economies) প্রবৃদ্ধির মাত্রা ৪% শতাংশ যা ২০০৮-০৯ সনের অর্থ-সংকটের পর সর্বনিম্ন থেকে ২০১৬-২০১৭ বৃদ্ধি পেয়ে উভয় ক্ষেত্রে যথাক্রমে ৪.৩% এবং ৪.৭% শতাংশে উন্নিত হবে।

চীনে অগ্রগতির মাত্রা ২০১৬ ও ২০১৭ সনে যথাক্রমে ৬.৩% ও ৬.০% শতাংশ হবে বলে ধারনা করা হচ্ছে। এর মূল কারণ অর্থব্যবস্থায় অব্যাহত পূর্নগঠন প্রক্রিয়ায় দুর্বল বিনিয়োগ। (IFM) এর অনুমান,২০১৬ সনে ভারতীয় অর্থনীতি এবং এশিয়ার আগুয়ান বা জেগে ওঠা দেশগুলোর উল্লেখযোগ্য আর্থিক উন্নয়ন ঘটবে। তবে চীনের অর্থনৈতিক ভারসাম্য পুনবিন্যাস প্রক্রিয়া এবং আন্তজাতিক উৎপাদন ব্যবস্থার দুর্বলতার প্রভাব অনুভূত হবে। (IFM) আশা করছে,২০১৬-২০১৭ সনে ভারতীয় অর্থনীতির প্রবৃদ্ধির হার হবে ৭.৬%।

## Bangladesh Outlook

GDP Growth - After languishing in an average of 6 percent growth for almost a decade, Bangladesh economy finally posted up a 7.1 percent GDP growth during 2016, which is about 0.5 percent points above the 6.6 percent growth that was achieved in 2015. A further growth up to 7.2 percent in predicted for 2017. The growth was largely possible due to sustained macro stability, disinflation and rising reserves.

Year-on-year inflation came down to 5.5 percent in 2016 as opposed to 6.3 per cent in 2015. The decline in inflation is mainly due to the reduction in food inflation, which benefitted from a healthy rice harvest, the drop on the international food prices and the stability in the currency exchange rate.

a) According to a report by Bangladesh Bank, Agriculture accounts for 15.4 percent of GDP and it grew by 2.8 percent in 2016, down from 3.3 percent in 2015 and 4.4 percent in 2014, due mainly to weaker growth and higher input cost in crops and horticulture sub-sector.

b) Remittance inflow to Bangladesh decreased by 2.5 percent in 2016. Falling oil prices in the Middle East resulted in the lack of investment and construction which primarily was the reason for the receding in Remittance.

c) Industry Growth was achieved at 11.1 percent, up from 9.7% in 2016, and was supported by a steady expansion in electricity generation, mining and quarrying, and construction. Industry share to GDP was 31.5 percent in 2016.

## বাংলাদেশের অর্থনীতির চিত্র

বিগত প্রায় এক দশক ধরে গড় প্রবৃদ্ধি ৬% হারে চলে আসছিল। অবশেষে বাংলাদেশের আর্থিক প্রবৃদ্ধি ২০১৬ সনে নাগাদ ৭.১% পর্যন্ত উন্নিত হয়েছে, যা ২০১৫ সনে অর্জিত ৬.৬%। ধারনা করা হচ্ছে এই প্রবৃদ্ধি ২০১৭ সাল নাগাদ ৭.২%। অধিক প্রবৃদ্ধি অর্জন সম্ভব হয়েছে বিশেষ করে আর্থিক ক্ষেত্রে স্থিতিশীলতা বজায়, মদ্রাস্ফীতি না হওয়া ও রিজার্ভ বৃদ্ধি পাওয়ায়।

২০১৫ সনে পরিলক্ষিত ৬.৩% শতাংশ মুদ্রাস্ফীতি বছর ঘুরে ২০১৬ সনে কমে গিয়ে দাঁড়ায় ৫.৫% শতাংশে। মদ্রাস্ফীতির এই অবনমন হয়েছে মূলত কৃষিতে ভাল ফলন, আন্তর্জাতিক বাজারে খাদ্যের মূল্য পতন এবং মুদ্রা বিনিময় হারে স্থিতিশীলতা বজায় থাকার জন্য।

আর্থিক চিত্রে আরো দেখা যায়-

ক) বাংলাদেশ ব্যাংকের তথ্যানুযায়ী ২০১৬ সনে কৃষিখাতে এডিপি অর্জন হয়েছে ১৫.৪% এবং কমেছে ২০১৫ সনে ৩.৩% ও ২০১৪ সনে ৪.৪% শতাংশ। এর প্রধান কারণ হল শস্য ও অন্যান্য কৃষি খাতের উৎপাদন খরচ বৃদ্ধি ও কম উৎপাদনের জন্য।

খ) ২০১৬ সনে বৈদেশিক মুদ্রার অর্জন কমেছে ২.৫%, যার মূল কারণ মধ্যপ্রাচ্যের তেলের দাম কমে যাওয়া এবং অবকাঠামো খাতে বিনিয়োগ কমে যাওয়া।

গ) পূর্বের ৯.৭% শতাংশের চাইতে বৃদ্ধি পেয়ে ২০১৬ সনের শিল্পখাতে অর্জন করেছে ১১.১%। কারণ বিদ্যুৎ সরবরাহ বৃদ্ধি, খনিজ সম্পদ ও আবকাঠামো উন্নয়ন। ২০১৬ সনে শিল্প খাতে এডিপি অর্জন ছিল ৩১.৫%।

d) Services growth enhanced to 6.2 percent from 5.8% in 2015. The services sector provided the largest share to the GDP (53.1) percent in 2016.

e) On the other hand, private investment was higher that public investment. Total investment equaled 29.7 percent of GDP, as opposed to 28.9 percent in 2015.

f) According to an Export Promotion Bureau report, Bangladesh finally achieved and exceeded its Export target for 2016, which posted a 10 percent increase from the previous year to end up at US$ 34.24 billion.

### Non-life Insurance Industry outlook

The growth of non-life insurance premium was significantly down in 2015 from the previous year. In 2015, this growth was less than 1 per cent as opposed to the growth of 10 per cent each year in 2014 and preceding years. Bangladesh's 45 non-life insurers earned BDT 32.25 billion (US$ 410.35 million) in premiums for 2015.

Although the industry statistics for 2016 have not been published yet, it is predicted that growth will be subdued.

### Operational Results

Performance of Pragati Insurance Limited in 2016, Compared to 2015 are depicted below:

Million (Taka)

| Particulars | 2016 | 2015 | % Change |
|---|---|---|---|
| Gross Premium | 1542 | 1512 | +2% |
| Net Premium | 638 | 607 | 5.10% |
| Underwriting Profit | 93.66 | 23.63 | 296.36% |
| Net Profit-Gross | 186.26 | 121.71 | 53% |

### Gross Premium Income

In 2016 Pragati Insurance Limited achieved significant success in earning gross premium of Tk.1542 million. Gross premium income increased by Tk.30 million registering a growth of 2% compared to previous year.

### CLASS WISE PREMIUM

### Fire Insurance

The Company had underwritten a total fire insurance premium of Tk.676.44 million as against Tk. 679.25 of last year. After payment/provision for re-insurance premiums, claims and management expenses the company has incurred underwriting loss of Tk.38.95 million against underwriting loss Tk.83.63 million of last year.

### Marine Insurance

In the year 2016 gross premium earning in Marine

ঘ) ২০১৬ সনে সেবা খাতে এঔচ অর্জিত হয়েছে ৬.২% যা ২০১৫ সনে ছিল ৫.৮% । ২০১৬ সনে এঔচ অর্জন সবচেয়ে বেশি অবদান রেখেছে সেবা খাত যার পরিমান ৫৩.১% ।

ঙ) অপরদিকে ব্যক্তিগত খাতে বিনিয়োগের পরিমান ছিল সরকারী বিনিয়োগের চেয়ে বেশি। মোট বিনিয়োগ ছিল এঔচ এর ২৯.৭% যা ২০১৫ সনের ২৮.৯% কে অতিক্রম করে গেছে ।

চ) বাংলাদেশ রপ্তানী উন্নয়ন ব্যুরোর তথ্য অনুযায়ী বাংলাদেশে চূড়ান্তভাবে তার লক্ষ্য অর্জন করেছে এবং ২০১৬ সনের রপ্তানী লক্ষমাত্রা অতিক্রম করেছে, যা বিগত বছরের চাইতে ১০% বেশী। এর আর্থিক পরিমান ৩৪.২৪ বিলিয়ন মার্কিন ডলার।

### বাংলাদেশে নন-লাইফ বীমা শিল্পের চিত্র

পূর্ববর্তী বছরের চাইতে ২০১৫ সনে নন-লাইফ বীমা প্রিমিয়াম তাৎপর্যপূর্নভাবে নিম্নগামী। ২০১৪ সন পর্যন্ত প্রতিবছর ১০% হারে প্রিমিয়াম বৃদ্ধির তুলনায় ২০১৬ সনে এই বৃদ্ধি ১% শতাংশেরও নিচে নেমে যায়। বাংলাদেশে ৪৫টি নন-লাইফ বীমা কোম্পানী ২০১৫ সনে প্রায় ৩২.২৫ বিলিয়ন টাকা (৪১০.৩৫ মিলিয়ন মার্কিন ডলার) প্রিমিয়াম বাবদ আয় করেছে।

যদিও এ পর্যন্ত বাংলাদেশে নন-লাইফ বীমাখাতের পরিসংখ্যান প্রকাশিত হয়নি, তারপরও অনুমান করা হচ্ছে এ খাতে প্রবৃদ্ধির পরিমান বৃদ্ধি পাবে।

### অর্জিত ফলাফল

২০১৫ সনের তুলনায় ২০১৬ সনে অর্জিত ফলাফলের সংক্ষিপ্ত তথ্যচিত্র নিম্নে দেওয়া হলো।

মিলিয়ন টাকায়

| বিবরন | ২০১৬ | ২০১৫ | % (তারতম্য) |
|---|---|---|---|
| গ্রস প্রিমিয়াম | ১৫৪২ | ১৫১২ | +২% |
| নীট প্রিমিয়াম | ৬৩৮ | ৬০৭ | ৫.১০% |
| অবলেখন মুনাফা | ৯৩.৬৬ | ২৩.৬৩ | ২৯৬.৩৬% |
| নীট মুনাফা | ১৮৬.২৬ | ১২১.৭১ | ৫৩% |

### গ্রস প্রিমিয়াম আয়

২০১৬ সনে প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড তাৎপর্যময় সাফল্য অর্জন করে টাকা ১,৫৪২ মিলিয়ন গ্রস প্রিমিয়াম আয় করেছে। গ্রস প্রিমিয়াম আয় বৃদ্ধি পেয়েছে ৩০ মিলিয়ন টাকা এবং প্রবৃদ্ধির হার পূর্ববর্তী বৎসরের তুলনায় ২% বেশি।

### শ্রেণি অনুযায়ী প্রিমিয়াম

### অগ্নি বীমা

এ খাতে বিগত বছরে প্রিমিয়াম আয় ৬৭৯.২৫ মিলিয়ন টাকার বিপরীতে এবার অগ্নিবীমা বাবদ মোট আয় করেছে ৬৭৬.৪৪ মিলিয়ন টাকা। রি-ইন্স্যুরেন্স প্রিমিয়াম, বীমা দাবি ও ব্যবস্থাপনা ব্যয় মিটিয়ে সমন্বয় করার পর কোম্পানীর অবলেখন ক্ষতির পরিমান দাঁড়িয়েছে ৩৮.৯৫ মিলিয়ন টাকা । গত বছরে অবলেখনে ক্ষতির পরিমান ছিল ৮৩.৬৩ মিলিয়ন টাকা।

### নৌ বীমা

২০১৬ সনে নৌ বীমা বিভাগে মেরীন হাল সহ গ্রস প্রিমিয়াম অর্জিত

insurance including Marine Hull was Tk.528.11 million against Tk.531.82 million of the year 2015. After providing for re-insurance and claims, we have earned underwriting profit of Tk.38.63 million against last year's underwriting profit of Tk.25.15 million.

**Miscellaneous Insurance**

From miscellaneous insurance business our total gross premium income in 2016 was Tk.338.04 million (both in Motor and Miscellaneous departments) against Tk. 301.54 million in 2015. After meeting expenses for re-insurance, claims and management expenses, we have earned underwriting profit of Tk.93.98 million against Tk.76.83 million in 2015.

**Investment Operation**

Pragati Insurance Limited has concentrated its focus on diversifying its investment portfolio. Despite facing all the odds the company has earned Tk.0.50 million as capital gain out of share trading in 2016 against Tk.15.24 million in 2015.

**Contribution National Exchequer**

During the year under report Pragati Insurance Limited has deposited Tk.229.35 million to the Government Exchequer as Corporate Income Tax, Withholding Tax, Stamp Duty and VAT.

**Income Distribution**

Underwriting Profit of non- life insurance Company is not at desired level due to ever increasing operational and other expenses. Growth of insurance company is also dependent on in its investment income. It is therefore important to explore all avenues to raise the return from investment. However, due to increase in income from share trading business and rental income the company's net profit before tax stood at Tk.186.26 million against Tk.121.71 million in the year 2015. The net profit before tax has been proposed for appropriation as follows:

| Particulars | Million Taka |
|---|---|
| Reserve for Exceptional Losses | 47.89 |
| Provision for Income Tax | 53.90 |
| Balance available for distribution | 84.48 |

Taking into consideration the financial position and working capital requirement for smooth running of the company and with an aim to have a steady growth in per share dividend, the Board of Directors of Pragati Insurance Limited recommended 10 % cash dividend to the shareholders of the company for the year 2016. The whole scenario will look as follows:

হয়েছে ৫২৮.১১ মিলিয়ন টাকা। ২০১৫ সনে এই অর্জন ছিল ৫৩১.৮২ মিলিয়ন টাকা। রি-ইন্স্যুরেন্স এবং বীমা দাবী মিটানোর পর এ খাতে অবলেখন মুনাফার পরিমান ৩৮.৬৩ মিলিয়ন টাকা। বিগত বছরে অবলেখন মুনাফা হয়েছিল ২৫.১৫ মিলিয়ন টাকা।

**বিবিধ বীমা**

২০১৬ সনে বিবিধ বীমা ব্যবসায়ে মোট গ্রস প্রিমিয়াম আয় মটর ও অন্যান্য খাতে করেছে ৩৩৮.০৪ মিলিয়ন টাকা। ২০১৫ সনে এই আয়ের পরিমান ছিল ৩০১.৫৪ মিলিয়ন টাকা। রি-ইন্স্যুরেন্স প্রিমিয়াম ও বীমা দাবি মেটানোর পর ২০১৬ সনে অবলেখন মুনাফা অর্জিত হয়েছে ৯৩.৯৮ মিলিয়ন টাকা, যা গত বছরে ২০১৫ সনে অবলেখন মুনাফা হয়েছিল ৭৬.৮৩ মিলিয়ন টাকা।

**বিনিয়োগ কার্যক্রম**

প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড বিনিয়োগ কার্যক্রম গুরুত্বের সাথে মনোনিবেশ করে এই খাতে আয় বৃদ্ধির জন্য সচেষ্ট হচ্ছে। বিরাজমান নাজুক পরিস্থিতি ও বিভিন্ন সময়ে উদ্ভূত প্রতিকূলতা মোকাবেলা করে ২০১৬ সনে মূলধনী আয় খাতের শেয়ার ব্যবসায়ে ০.৫০ মিলিয়ন টাকা আয় করেছে । ২০১৫ সনে এই অর্জন ছিল ১৫.২৪ মিলিয়ন টাকা।

**জাতীয় কোষাগারে প্রগতির অবদান**

প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড আলোচ্য বছরে কর্পোরেট ইনকাম ট্যাক্স, ষ্টাম্প ডিউটি, ভ্যাট ইত্যাদি হিসাবে জাতীয় কোষাগারে ২২৯.৩৫ মিলিয়ন টাকা জমা দিয়েছে।

**আয় বন্টন**

নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা ও অন্যান্য ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি পাওয়ায় অবলেখন খাতে কাম্য সাফল্য অর্জিত হয়নি। বীমা কোম্পানীর সংখ্যা বৃদ্ধি ও অসুস্থ প্রতিযোগিতা পূঁজি বিনিয়োগের মাধ্যমে মুনাফা অর্জনের ক্ষেত্রে কিছুটা হলেও অনিশ্চয়তা সৃষ্টি করছে। তাই বিনিয়োগের প্রতিদান পেতে গুরুত্বের সাথে সর্বপ্রকার কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়টি বিবেচনায় রেখে এগোতে হবে। উৎসাহ সৃষ্টির সক্ষমতা অর্জন করতে হবে। যা হোক সকল প্রকার ব্যয় মিটানোর পর শেয়ার ব্যবসা থেকে আয় বৃদ্ধি এবং ভাড়া থেকে প্রাপ্ত আয়সহ ২০১৬ সনে কোম্পানীর নীট মুনাফা হয়েছে ১৮৬.২৬ মিলিয়ন টাকা, যা ২০১৫ সনে ছিল ১২১.৭১ মিলিয়ন টাকা। নীট মুনাফার উপর প্রস্তাবিত ট্যাক্স নিম্নরুপঃ

| বিবরন | মিলিয়ন টাকা |
|---|---|
| অস্বাভাবিক ক্ষতির জন্য সংরক্ষিত তহবিল (নীট প্রিমিয়ামের ৭.৫%) | ৪৭.৮৯ |
| আয়করের জন্য তহবিল | ৫৩.৯০ |
| বিতরণযোগ্য টাকার পরিমান | ৮৪.৪৮ |

প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড এর পরিচালনা পর্ষদ কোম্পানীর শেয়ারহোল্ডারদের বিনিয়োগের উপর সর্বোচ্চ মুনাফা প্রদানের প্রতি অত্যন্ত সচেতন এবং আন্তরিক। প্রগতির পরিচালনা পর্ষদ ২০১৬ সনের মুনাফা থেকে শেয়ারহোল্ডারদের জন্য নগদ ১০% এবং ৫% স্টক লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছেন। সংক্ষিপ্ত চালচিত্রটি নিম্নরুপঃ

| Particulars | Taka |
|---|---|
| Divisible Profit | 84,483,260 |
| Less: Cash & Stock Dividend for the year | 83,400,509 |
| Balance to be carried forward for the next year | 1,082,751 |

**Credit Rating**

Credit Rating of Pragati Insurance Ltd. was carried out by National Credit Ratings Limited for the year 2016-2017 and their assessments are as follows:

Long Term AA+

Short Term ST-1

Apart from the above, the rating Agency also highlighted the following salient features of the Company:

- Steady increase in Gross Premium income
- Capacity to meet claim demand of policyholder
- Decrease in claim due to Quality underwriting expertise
- Strong reserve base
- Introducing corporate governance issues and guidelines for compliance with the regulations of IDRA and BSEC.

**Board of Directors**

In accordance with Articles 105 and 106 of the company's Articles of Association, the under-noted Directors shall retire from Group-A by rotation.

1. Mr. Abdul Awal Mintoo
2. Mr. Abdul Monem
3. Mr. Khalilur Rahman
4. Mr. Md. Syedur Rahman Mintoo

In accordance with articles 105 and 106 of the company's Articles of Association, the under-noted Directors from Group-B Shareholders shall retire from the office by rotation.

1. Mrs. Nigar Jahan Chowdhury
2. Mr. Nasir Latif

To fill up the 2 (two) vacancies, notice was published in the newspaper as per insurance rule relating to election of Public Shareholder Director's.

The 2 (two) shareholders i.e. (i) Mrs. Nigar Jahan Chowdhury and (ii) Mr. Nasir Latif submitted their nomination papers within the stipulated time. Since no-body else has submitted any nomination papers so they will be taken as elected Directors from Group-B shareholders in the 31st Annual General Meeting to held on 14th June,2017.

| বিবরন | টাকা |
|---|---|
| নীট মুনাফা ২০১৬ | ৮৪,৪৮৩,২৬০ |
| বাদঃ নগদ ও স্টক লভ্যাংশ | ৮৩,৪০০,৫০৯ |
| মোট স্থিতি পরবর্তী বছর | **১,০৮২,৭৫১** |

**ক্রেডিট রেটিং**

২০১৬-২০১৭ সনে প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড এর ক্রেডিট রেটিং এ National Credit Ratings Ltd. এর মূল্যায়ন নিম্নরূপঃ

Long Term AA+

Short Term ST-1

এছাড়া রেটিং এজেন্সি প্রগতি ইন্স্যারেন্স লিমিটেড এর নিম্নলিখিত বৈশিষ্টগুলো বিশেষভাবে উল্লেখ করেছেঃ

- গ্রস প্রিমিয়াম আয় উত্তরোত্তর বৃদ্ধি
- পলিসিহোল্ডারদের দাবি মিটাতে পারঙ্গমতা
- গুনগত অবলিখন দক্ষতার জন্য বিশ্বাস অর্জন
- শক্ত রিজার্ভের ভিত্তি
- IDRA I BSEC এর নির্দেশনা মোতাবেক ব্যবসা কর্মকান্ড পরিচালনায় সংশ্লিষ্ট বিষয়ে সুনীতি অনুসরণ।

**পরিচালকমন্ডলী**

কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশনের ১০৫ এবং ১০৬ ধারা অনুযায়ী নিম্ন বর্ণিত পরিচালকবৃন্দ পর্যাযক্রমে "এ" গ্রুপ থেকে অবসর গ্রহন করবেন।

১. জনাব মোহাম্মদ আব্দুল আউয়াল মিন্টু
২. জনাব মোঃ আব্দুল মোনেম
৩. জনাব খলিলুর রহমান
৪. জনাব মোঃ সাইদুর রহমান মিন্টু

কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশন এর ১০৫ এবং ১০৬ ধারা অনুযায়ী নিম্নবর্ণিত পরিচালকবৃন্দ পর্যায়ক্রমে "বি" গ্রুপ হতে এ বছর অবসর গ্রহণ করবেনঃ

১. জনাব নাছির লতিফ
২. মিসেস নিগার জাহান চৌধুরী

উপরোক্ত ২জন অবসরগ্রহনকারীর শূন্যস্থান পুরণের জন বীমা বিধি অনুযায়ী পাবলিক শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচনের জন্য দুইটি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

নির্দিষ্ট সময়ের মধ্যে ২জন শেয়ারহোল্ডার যথাক্রমে ১) মিসেস নিগার জাহান চৌধুরী এবং ২) জনাব নাসির লতিফ ব্যতীত আর কেউ নির্বাচনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে নমিনেশন পেপার দাখিল করেননি। তাই উক্ত ২জন বিনা প্রতিদ্বন্দ্বিতায় ১৪ জুন,২০১৭ তারিখে প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড এর ৩১তম বার্ষিক সাধারণ সভায় পাবলিক শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচিত বলে গণ্য হবেন।

In accordance with BSEC Guidelines dated 7th August the following Independent Director shall be retired and eligible for re-election.

1. **Mr. Mahbub Anam** – Independent Director

In accordance with the above BSEC's Guidelines Mr. Mahbub Anam completed the terms of office of the Independent Director for one term only. Now, he expressed his willingness for re- election of another term i.e. 3(three) years only.

This is being placed before the Board of Directors for their kind approval of Mr. Mahbub Anam for re-election as Independent Director for another term in the Company. But the Board has not considered the re-election of Mr. Mahbub Anam as Independent Director in the Company . Accordingly he will be retired in the ensuing 31st Annual General Meeting of the company.

**Board meeting and Audit Committee meetings**

10(ten) meetings of the Board of Directors and 7 (Seven) meetings of the Director's Audit Committee were held during the year 2016. Details are given below in comparison to last 3 years:

| Name of the Meeting | 2016 | 2015 | 2014 |
|---|---|---|---|
| Board of Director's | 10 | 6 | 8 |
| Directors Audit Committee | 07 | 6 | 8 |

**Audit Committee**

The Audit Committee of the company met 7(seven) times during the year and reviewed the followings with special emphasis on compliance of respective recommendations:

1. Audit and inspection Report (s) of the Audit Team and External Auditors.
2. Ensuring an effective Risk Management system of the Company through ongoing review of the company's internal control system.
3. The financial statements of the company for 2016 audited by the External Auditors.
4. Stressing on the importance of the Compliance Culture within the Company.

This is to confirm that the company's Audit Committee is constituted as per terms & condition of BSEC'S Circular # CMRRCD/2006-/ 158/Admin/4308 dated August 7, 2012

BSEC এর গাইড লাইন মোতাবেক নিম্নলিখিত ইন্ডিপেন্ডেন্ট ডাইরেক্টর অবসর গ্রহণ করবেন এবং পুনঃ নির্বাচনের জন্য যোগ্য হবেন ।

১. **জনাব মাহবুব আনাম-** ইন্ডিপেডেন্ট ডাইরেক্টর

BSEC এর নির্দেশনা মোতাবেক জনাব মাহবুব আনাম ইন্ডিপেন্ডেড ডাইরেক্টরের অফিসের দায়িত্ব মাত্র একটি মেয়াদের জন্য পুর্ণ করেছেন । তিনি এখন আরো তিন বছরের আরেকটি মেয়াদের দায়িত্ব পালন করার জন্য পুণঃ নির্বাচনের জন্য ইচ্ছা প্রকাশ করেছেন ।

জনাব মাহবুব আনামকে কোম্পানীতে আরেকটি মেয়াদে ইন্ডিপেন্ডেন্ট ডাইরেক্টর হিসাবে পুনঃনির্বাচন অনুমোদন প্রদানের জন্য পরিচালনা পর্ষদের সভায় উথাপন করা হয় কিন্তু পরিচালনা পর্ষদ তা অনুমোদন করেননি । সে অনুযায়ী তিনি আগামী বার্ষিক সাধারন সভায় অবসর গ্রহন করবেন ।

**বোর্ড মিটিং এবং অডিট কমিটি মিটিং**

২০১৬ সনে পরিচালনা পর্ষদের ১০(দশ)টি সভা এবং অডিট কমিটি ৭(সাত)টি সভা অনুষ্ঠিত হয় । বিগত ৩ (তিন) বছরের সভাসমূহের তথ্যবিবরণ নিম্নে প্রদর্শিত হলো ।

| সভার নাম | ২০১৬ | ২০১৫ | ২০১৪ |
|---|---|---|---|
| পরিচলনার পর্ষদ সভা | ১০ | ৬ | ৮ |
| নিরীক্ষা কমিটির সভা | ৭ | ৬ | ৮ |

**অডিট কমিটি**

কোম্পানী অডিট কমিটি আলোচ্য বছরে ৭ (সাত) টি সভায় মিলিত হয়েছে এবং বিশেষ গুরুত্বসহ সংশ্লিষ্ট সুপারিশ সমূহ বাস্তবায়নের বিষয় পর্যালোচনা করে নিম্নেলিখিত বিষয়াদি বিশেষভাবে বিবেচনা করেছে ।

১. অডিট টিম ও বহিঃনিরীক্ষকের অডিট ও ইন্সপেকশন রিপোর্ট ।

২. কোম্পানীর আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা কার্যক্রমের নিয়মিত পুণর্মূল্যায়নের মাধ্যমে কোম্পানীর কার্যকরি ঝুঁকি ব্যবস্থাপনা নিশ্চিত করণ ।

৩. বহিঃনিরীক্ষক দল কর্তৃক কোম্পানীর ২০১৬ সনের আর্থিক বিবরণীর উপর নিরীক্ষা প্রতিবেদন ।

৪. কোম্পানীতে নির্দেশনা বা সুপারিশ বাস্তবায়নের সংস্কৃতির উপর গুরুত্ব আরোপের নিয়মিত চর্চা ।

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর সার্কুলার নং সিএমআরআরসিডি/২০০৬-/১৫৮/প্রশাসন/৪৩০৮ তারিখ ৩ জুলাই,২০১২ এর নির্দেশনা অনুযায়ী কোম্পানীর অডিট কমিটি গঠিত হয়েছে ।

### Corporate Governance Compliance Status

Pursuant to the clause 7(ii)of the BSEC Notification No.: SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated August 7,2012 we attach the Company's compliance status as Annexure-1.

### Auditors

M/S. MAHFEL Huq & Co, Chartered Accountants was appointed as External Auditors of the company for the year 2016 at the 30th Annual General Meeting. They have audited the books of account for the period covering 1st January, 2016 to 31st December 2016. This is the 3rd year that MAHFEL Huq & Co has audited the Financial Statements of the company.

It is noted that M/s. Mahfel Huq & Co. completed consecutive period of 3(three) years for auditing the Company's Accounts as per the listing Rules of DSE the Company shall not appoint any firm of Chartered Accountant as its' Statutory Auditor consecutive period exceeding 3(three) years. In this connection we have published an advertisement for appointment of External Auditor for the year 2017 in the 2(two) National Dailies i.e. the Financial Express and Dainik Janata as on 9th April, 2017.

In response to this advertisement 11(eleven) Nos. of Chartered Accountants firm submitted application(s) for appointment of External Auditor in the Company for the year 2017. The Board of Directors has recommended M/s Hoda Vasi Chowdhury & Co, Chartered Accountants Firm for appointment as External Auditor in the Company for the year of 2017 which will be palced in the 31st Annual General Meeting for approval of the shareholders.

### কর্পোরেট গভর্নেন্স পরিপালন প্রতিবেদন

বিএসইসি নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/এডমিন/৪৪/ তারিখঃ আগষ্ট ৭, ২০১২-এর ক্লজ ৭ (ii) অনুযায়ী কোম্পানীর কর্পোরেট গভর্নেন্স পরিপালন প্রতিবেদন Annexure-1 এ দেখানো হ'ল।

### নিরীক্ষক

কোম্পানীর ৩০তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স মাহফেল হক এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্টেন্টসকে কোম্পানীর ২০১৬ সনের বহিঃনিরীক্ষক হিসাবে নিয়োগ প্রদান করা হয়। তারা ২০১৬ সনের ১লা জানুয়ারী হতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়ের হিসাব বহিসমূহ নিরীক্ষা করেছে। মেসার্স মাহফেল হক এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্টেন্টস কর্তৃক কোম্পানীর ২০১৬ সনের আর্থিক হিসাব বিবরণ নিরীক্ষার এটা তৃতীয় বছর।

কোন কোম্পানীর বহিঃহিসাব নিরীক্ষার জন্য কোন প্রতিষ্ঠানকে একাধারে তিন বৎসরের অধিক সময় নিরীক্ষা কাজের জন্য নিয়োজিত রাখা যায় না। এমতাবস্থায় ২০১৭ সনে বহিঃনিরীক্ষক নিয়োগের জন্য দুইটি জাতীয় দৈনিকে (৯ই এপ্রিল ২০১৭ তারিখে ফিন্যান্সিয়াল এক্সপ্রেস ও দৈনিক জনতা) পত্রিকায় বিজ্ঞাপন ছাপা হয়।

বিজ্ঞাপনে সাড়া দিয়ে ১১টি চার্টার্ড এ্যাকাউন্টেন্টস সংস্থা/প্রতিষ্ঠান আবেদন করে। পরিচালনা পর্ষদ মেসার্স হোদা ভাসি চৌধুরী এন্ড কোং চার্টার্ড এ্যাকাউন্টেন্টস ফার্মকে ২০১৭ সনের জন্য কোম্পানীর বহিঃনিরীক্ষক হিসাবে নিয়োগের সুপারিশ করেন, যা কোম্পানীর ৩১তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য পেশ করা হবে।

## Acknowledgement

On behalf of the Board Directors, we humbly take this opportunity to express our heartfelt gratitude to all of our valued clients, shareholders and well-wishers in home and abroad for their wholehearted co-operation. We are especially thankful to all Banks both in the private and public sector and the management of Multimode Group, Beximco Group, KDS Group, Abdul Monem Group, Monno Group, Square Group, Bata Shoe (BD) Ltd, Novartis (Bangladesh) Ltd, Heidelberg Cement Bangladesh, International Television Channel Ltd (NTV), National Television Ltd (RTV), Maasranga Television, ICDDRB, Pacific Jeans Group of Companies, HKD Group of Companies, Jayson Group, Aristopharma Ltd, Karim Group, Bashundhara Group, Square Air, DBL Group, MJL Bangladesh, MJL (Mobil), Saad Musa Group, Grameen phone Ltd, Esquire Group, Mir Group, Pedrollo (NK) Ltd, PHP Group, Rahimafrooz Group, Envoy Group, Givensee Group, Maksons Group, M.I. Cement Factory Ltd. (Crown Cement), Olympic Group, Robintex Group, Shanta Group, T.K. Group, Healthcare Pharmaceuticals Ltd. Khulna Power Company Ltd, Khan Jahan Ali Power Co. Ltd, NEPC Consortium Power Ltd, Summit Group, United Power, High-Speed Navigation Co. Ltd, RZ Power, Shajhnullah Power Generation Co. Ltd, G.B.B Power Ltd, Desh Engergy Ltd, Eurostar Shipping Ltd, Peoples Shipping Ltd, Summit Shipping Ltd, Sealink Shipping Co, Poseidon Enterprise, Brave Royal Shipping, Central Navigation, Ace Bi Cycle (BD) Ltd, Denim Plus (BD) Ltd, Excelsior Shoes Ltd, Jay Jay Mills (BD) Pvt Ltd, J & J Industries Ltd, Jemina Accessories Ltd, Luna Lite Co. (BD) Ltd, Mamiya Op (BD) Ltd, Meghna Accessories Ltd, Merim Co. Ltd, Mitali Textile Industries (BD) Ltd, Modern Towels (BD) Ltd, Multi Safh Bags Ltd, MZM Textile Ltd, Padma Industries Ltd, Papella Shoe Ltd, Premier 1888 Ltd, Sanko Optical Co. (BD) Ltd, U-Jin Led Co. (BD) Ltd, Van Green (BD) Ltd, Kadena Sports Wear (BD) Ltd, Jute Spinners Ltd, Nawab Abdul Malek Jute Mills (BD) Ltd, Quality Feeds Ltd, Bangladesh Cricket Board, Grameen Shakti, Independent University Bangladesh, National Polymer Industries Ltd, Paxar (BD) Ltd, Care Bangladesh, Bangladesh Edible Oil Ltd, CEAT Bangladesh Ltd, Ruby Food Products, Ahad Jute Spinners Ltd, State Bank of India, Embassy of the United Arab Emirates, American Embassy, Alliance Francaise De Dhaka, Berger Paints (BD) Ltd, Asian Paints Bangladesh Ltd, Sanofi Aventis Bangladesh Ltd, Westin Hotel (Dhaka), etc.

## কৃতজ্ঞতা স্বীকার

এ মুহূর্তে আমি কোম্পানীর পরিচালনা পর্ষদের পক্ষ থেকে দেশে-বিদেশে আমাদের সমস্ত সম্মানিত গ্রাহক, শেয়ারহোল্ডারবৃন্দ ও শুভানুধ্যায়ীদের নিকট তাদের আন্তরিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জানাচ্ছি। আমরা বিশেষভাবে সকল সরকারি ও বেসরকারি ব্যাংকসমূহ সহ Multimode Group, Beximco Group, KDS Group, Abdul Monem Group, Monno Group, Square Group, Bata Shoe (BD) Ltd, Novartis (Bangladesh) Ltd, Heidelberg Cement Bangladesh, International Television Channel Ltd (NTV), National Television Ltd (RTV), Maasranga Television, ICDDRB, Pacific Jeans Group of Companies, HKD Group of Companies, Jayson Group, Aristopharma Ltd, Karim Group, Bashundhara Group, Square Air, DBL Group, MJL Bangladesh, MJL (Mobil), Saad Musa Group, Grameen Phone Ltd, Esquire Group, Mir Group, Pedrollo (NK) Ltd, PHP Group, Rahimafrooz Group, Envoy Group, Givensee Group, Maksons Group, M.I. Cement Factory Ltd. (Crown Cement), Olympic Group, Robintex Group, Shanta Group, T.K. Group, Healthcare Pharmaceuticals Ltd. Khulna Power Company Ltd, Khan Jahan Ali Power Co. Ltd, NEPC Consortium Power Ltd, Summit Group, United Power, High-Speed Navigation Co. Ltd, RZ Power, Shajhnullah Power Generation Co. Ltd, G.B.B Power Ltd, Desh Engergy Ltd, Eurostar Shipping Ltd, Peoples Shipping Ltd, Summit Shipping Ltd, Sealink Shipping Co, Poseidon Enterprise, Brave Royal Shipping, Central Navigation, Ace Bi Cycle (BD) Ltd, Denim Plus (BD) Ltd, Excelsior Shoes Ltd, Jay Jay Mills (BD) Pvt Ltd, J & J Industries Ltd, Jemina Accessories Ltd, Luna Lite Co. (BD) Ltd, Mamiya Op (BD) Ltd, Meghna Accessories Ltd, Merim Co. Ltd, Mitali Textile Industries (BD) Ltd, Modern Towels (BD) Ltd, Multi Safh Bags Ltd, MZM Textile Ltd, Padma Industries Ltd, Papella Shoe Ltd, Premier 1888 Ltd, Sanko Optical Co. (BD) Ltd, U-Jin Led Co. (BD) Ltd, Van Green (BD) Ltd, Kadena Sports Wear (BD) Ltd, Jute Spinners Ltd, Nawab Abdul Malek Jute Mills (BD) Ltd, Quality Feeds Ltd, Bangladesh Cricket Board, Grameen Shakti, Independent University Bangladesh, National Polymer Industries Ltd, Paxar (BD) Ltd, Care Bangladesh, Bangladesh Edible Oil Ltd, CEAT Bangladesh Ltd, Ruby Food Products, Ahad Jute Spinners Ltd, State Bank of India, Embassy of the টহরঃবফ অৎধন উসরৎধঃবং, অmerican Embassy, Alliance Francaise De Dhaka, Berger Paints (BD) Ltd, Asian Paints Bangladesh Ltd, Sanofi Aventis

for reposing their confidence in the company.

We would also like to convey our sincerest thanks to Insurance Development and Regulatory Authority, Bangladesh Securities and Exchanges Commission, Dhaka Stock Exchange, Chittagong Stock Exchange and Re-Insurers - Sadharan Bima Corporation, General Insurance Corporation of India (GIC) Best Re. Malaysia and Trust International and Re-Insurance Brokers- J.B. Boda, Protection Bahrain, Willis and others for their support and assistance. The Board also expresses its appreciation to M/s. Mahfel Huq & Co. Chartered Accountants, the Auditor of the Company.

We take this opportunity to express my profound gratitude to the Managing Director and all the Executives, Officers and Staff of the company for their outstanding services throughout the year and look forward to the continued support and whole-hearted cooperation for the realization of the corporate goals in the year ahead. The Board of Directors has been pleased to reward its staff including Executives, Officers and Employees 02 (Two) Incentive Bonus based on individual performance to be decided by the management.

Lastly, with best regards to all our valuable shareholders, we promise to continue the growth of the company with your continued support.

Thank you all.

On behalf of the Board of Directors

**Syed M. Altaf Hussain**

Chairman

Bangladesh Ltd, Westin Hotel (Dhaka), etc.কে আমাদের উপর আস্থা ও বিশ্বাস স্থাপনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি।

আমরা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, সাধারণ বীমা কর্পোরেশন, জেনারেল ইন্স্যুরেন্স কর্পোরেশন অব ইন্ডিয়া,(GIC), বেস্ট রি-মালয়েশিয়া ও ট্রাস্ট ইন্টারন্যাশনাল রি-ইন্স্যুরার এবং জেবি ভোদা, প্রোটেকসান বাহরাইন, উইলিস রি-ইন্স্যুরেন্স ব্রোকার সহ অন্যান্য রি-ইন্স্যুরার ও ব্রোকারদেরকে তাদের সমর্থন ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানাচ্ছি। পরিচালনা পর্ষদ কোম্পানীর নিরীক্ষক মেসার্স এ. মাহফেল হক এন্ড কোং, চাটার্ড এ্যাকাউন্টেন্টসকেও ধন্যবাদ জ্ঞাপন করছে।

ব্যবস্থাপনা পরিচালককে এবং তাঁর মাধ্যমে কোম্পানীর সমস্ত নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদেরকে তাঁদের প্রশংসনীয় কাজের জন্য পরিচালনা পর্ষদ ধন্যবাদ জ্ঞাপন করছে। তাদের আন্তরিক উৎসর্গের মনোভাব, কর্মনিষ্ঠা, অক্লান্ত পরিশ্রম, ও সেবার মাধ্যমে আগামী দিনগুলোতে কোম্পানী আরো ভাল ফলাফল অর্জন করবে বলে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছি। আন্তরিক এবং প্রশংসনীয় কর্মোদ্যমের জন্য সকল শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে তাদের কাজের মূল্যায়নের ভিত্তিতে পরিচালকমন্ডলী মূল বেতনের সমপরিমান ২টি উৎসাহ বোনাস অনুমোদন করেছেন।

পরিশেষে, আমাদের সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের নিকট আন্তরিক শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক তাঁদের আন্তরিক সহযোগিতার মাধ্যমে কোম্পানীর প্রবৃদ্ধি অব্যাহত রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছি।

ধন্যবাদ

পরিচালকমন্ডলীর পক্ষে

**সৈয়দ এম. আলতাফ হোসাইন**

চেয়ারম্যান।

# Directors' Report to the Shareholders

*(Under Section 184 of the Companies Act 1994)*

**We report that:**

i. The financial statements prepared by the management of the company present fairly its state of affairs, the result of its operations, cash flows and changes in equity.

ii. Proper books of account of the company have been maintained.

iii. Appropriate accounting policies have been consistently applied in preparation of the financial statements and that the accounting estimates are based on reasonable and prudent judgment.

iv. International Accounting Standards, as applicable in Bangladesh, have been followed in preparation of the financial statements and any departure there from has been adequately disclosed.

v. The system of internal control is sound in design and has been effectively implemented and monitored.

vi. There are no significant doubts upon the company's ability to continue as a going concern.

vii. There are no significant deviations from last year operating result of the company.

viii. During the year ended 31 December 2016 the Board of Directors held 10 (Ten) meetings and the Directors serving on the Board attended in aggregate 47.36% of the total number of meetings.

ix. At 31 December 2016, the pattern of shareholding are given below:

   a) Shareholding of Parent/Subsidiary/ Associate companies and other related parties: Nil.

   b) Shareholdings of Directors, CEO, Company Secretary, CFO and Head of Internal Audit and their spouses and minor children: Nil.